# উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩০/১২/২০২১খ্রিঃ। সভার সময় ঃ বিকাল- ২.৩০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা বিভিন্ন প্রাথমিক ও গণশিক্ষা কেন্দ্রে হাই-লো ব্রেঞ্চ এর জরুরী প্রয়োজন। বিভিন্ন জাতীয় পরীক্ষার সময় বিভন্ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হতে পরীক্ষা কেন্দ্রে হাই-লো ব্রেঞ্চ সরবরাহ করতে হয়। বিভিন্ন বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা পাটি-বিছানায় শিক্ষা কার্যক্রম করছেন।এই বিষয়ে সন্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদনের মাধ্যমে অবগত করতে হবে এবং পরিষদ সভায় উপস্থাপন করা অতিব প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন প্রাথমিক ও গণশিক্ষা কেন্দ্রে হাই-লো ব্রেঞ্চ এর জরুরী প্রয়োজন। হাই-লো ব্রেঞ্চ সরবরাহের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | সভাপতি, সভায় জানান যে, উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টুটিকি সংস্কারও মেরামতের জন্য সিলিপের সরকারি বরাদ্দ পাওয়া যায়। সঠিক ভাবে সিলিপের টাকা দ্বারা বিদ্যালয় মেরামত ও সংস্কার করার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টুটিকি সংস্কারও মেরামতের জন্য সিলিপের সরকারি বরাদ্দ দ্বারা সঠিক ভাবে কাজ সমাপ্ত করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৩। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ টুর্নামেন্ট এর উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়। এই খেলাধুলার ছাত্র-ছাত্রীদের খেলাধুলার সরনজাম ও পোশাক এর ব্যবস্থার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ টুর্নামেন্ট এর উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়। এই খেলাধুলার ছাত্র-ছাত্রীদের খেলাধুলার সরনজাম ও পোশাক এর জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৪। | চেয়ারম্যান, কুতুবপুর ইউপি মহোদয় সভায় জানান যে, উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গণশিক্ষা কেন্দ্রে নিয়মিত শিক্ষা পাঠদানের জন্য মাঝে মাঝে বিনোদনের প্রয়োজন। বিনোদনের জন্য উপজেলা পরিষদের প্রকল্প হতে বরাদ্দের মাধ্যমে স্কাউট ও বিনোদনের সরনজাম সরবরাহের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গণশিক্ষা কেন্দ্রে নিয়মিত শিক্ষা পাঠদানের জন্য মাঝে মাঝে বিনোদনের প্রয়োজন। বিনোদনের জন্য উপজেলা পরিষদের প্রকল্প হতে বরাদ্দের মাধ্যমে স্কাউট ও বিনোদনের সরনজাম সরবরাহের জন্য জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | চেয়ারম্যান, রাধানগর ইউপি মহোদয় সভায় জানান যে, উপজেলার সকল বিদ্যালয়ে ঔষধি গাছ, ফলজ গাছ ও বনোজ গাছ রোপনের জন্য অনুরোধ করেন এবং আরো অনুরাধ করেন ছাত্র ছাত্রীদের খেলাধুলার জন্য কিছু অবকাঠামো নির্মাণ করা প্রয়োজন যেমন- স্লিপার , দোলনা ও অন্যান্য খেলার জন্য নির্মাণ অবকাঠামো স্থাপনের অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলার সকল বিদ্যালয়ে ঔষধি গাছ, ফলজ গাছ ও বনোজ গাছ রোপনের জন্য অনুরোধ করেন এবং আরো অনুরাধ করেন ছাত্র ছাত্রীদের খেলাধুলার জন্য কিছু অবকাঠামো নির্মাণ করা প্রয়োজন যেমন- স্লিপার , দোলনা ও অন্যান্য খেলার জন্য নির্মাণ অবকাঠামো স্থাপনের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তাজুল ইসলাম)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ২০২১-

তারিখ ঃ ৩০/১২/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য , ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৭-৮। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৯। উপজেলা . ....................................অফিসার, বদরগঞ্জ, রংপুর।
১০। চেয়ারম্যান,.....................................................ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব ..........................................সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
১২। অফিস নথি।

(শায়লা জেসমিন সাঈদ)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।